

যোহন জগতের শেষে প্রত্যক্ষ করেছিলেন

যে সমস্ত শিশুরা তাঁতে বিশ্বাস করেন তাদের আহ্বান করার জন্য যীশু সর্বদা প্রস্তুত আছেন।

প্রার্থনা: “প্রিয় প্রভু, তোমার স্বর্গের প্রতিজ্ঞাকে ছোটদের কে সর্বদা নিজেদের হৃদয় রাখতে হবে সাহায্য করে।”

একজন বড় শিশু বা শিক্ষক, প্রকাশিত বাক্য ২০ঃ১১ - ২১ঃ৪; এবং ২১ঃ২২ - ২২ঃ৫ অংশ থেকে যোহনের দর্শন কে পাঠ করবে অথবা মুখস্থ বলবে যেখানে শেষ কালে স্বর্গে ও পৃথিবীতে কি ঘটবে তা ঈশ্বর প্রকাশ করেছেন।



এই প্রশ্ন গুলি জিজ্ঞাসা করুন (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- যারা ইতি মধ্যেই মরে গেছে তাদের কি হবে, (প্রকাশিত বাক্য ২০ঃ১২)
- জীবন পুস্তকে যাদের নাম পাওয়া যাবে না তাদের প্রতি কি ঘটবে? (২০ঃ১৫)
- নতুন যিরূশালেম, আমাদের নতুন গৃহ। কেমন দেখতে হবে? (২১ঃ২)
- কি কি জিনিস স্বর্গে কখনো ঘটবে না? (২১ঃ৪)
- কেন সেখানে কোনও, উপসনা গৃহ, কোনও সূর্য, কোনও চাঁদ থাকবে না? (২১ঃ২২-২৩)
- নাগরীস্থিত প্রধান রাস্তার মাঝখানে দুইটি কি জিনিস থাকবে? (২২ঃ১-২)

পর্যালোচনা

- স্বর্গে আমরা কি কি বিষয় দেখব? (ঈশ্বর, একটি শ্বেত সিংহাসন, পুস্তক সমূহ, যীশু, আলো, যারা মরে গেছে সেই সব লোকদের, একটি মনোহর নগরী, একটি নদী, জীবন দায়ক বৃক্ষ)
 - স্বর্গে আমরা কি কি দেখতে পাবনা? (মৃত্যু, নরক, ক্রন্দন, রাত, সূর্য, চাঁদ, পাপ, রোগ জ্বালা)
১. স্বর্গ বিষয়ক যোহনের দর্শনকে নাটক আকারে প্রস্তুত করুন।
- আরাধনাকারী নেতাদের সাথে ছোটদের জন্য নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন।
 - নাটকটি প্রস্তুতির জন্য ছোটদের সঙ্গে আপনার শিক্ষণ সময় ব্যবহার করুন।
 - সমস্ত অংশগুলো আপনার ব্যবহার করার প্রয়োজন নেই।
 - বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।
 - বড় ছেলে মেয়ে অথবা প্রাপ্ত বয়স্করা প্রচারক এবং বিবৃতিকারের ভূমিকায় অভিনয় করবে।
 - ছোট ছেলে মেয়েরা বন্ধুদের ভূমিকায় পাঠ করবে।

বিবৃতিকার : প্রকাশিত বাক্য ২০:১১-১৫ অংশ থেকে দর্শনের প্রথম ভাগটি বলবে। এরপর বলবে, “একজন প্রচারক তার বন্ধুদের কি বলছেন তা শ্রবণ করুন।”

প্রচারক : “আমি প্রকাশিত বাক্য বইটা পাঠ করছি। ভবিষ্যতে আমরা ঈশ্বরকে, তাঁর প্রকাণ্ড শ্বেত সিংহাসনে উপবিষ্ট থাকতে দেখবো।”

১ম বন্ধু : “ঈশ্বর সবাইকে ভালোবাসেন। তাহলে সবাইকেই কি তিনি স্বর্গে প্রবেশ করতে দেবেন?”

প্রচারক : “যে সমস্ত বিশ্বাসীদের নাম জীবন পুস্তকে লেখা থাকবে তারাই কেবল মাত্র স্বর্গে প্রবেশ করতে পারবে।”

২য় বন্ধু : “আমি যীশুকে ভালোবাসি, কিন্তু কখনো কখনো মন্দ কাজ করে ফেলি। স্বর্গে যাবার পরও কি আমি পাপ করব?”

প্রচারক : “না। কারণ ঈশ্বর আপনাকে পরিবর্তিত করবেন। আমরা যা কিছু করি তা সবই তিনি পুস্তকে লিখে রাখেন। আমাদের মন্দ কাজ গুলির বিচার হবে এবং সেগুলিকে দূর করে দেওয়া হবে। আমরা যা ভালো কাজ করেছি, তারজন্যে ঈশ্বর আমাদেরকে পুরস্কৃত করবেন।”

৩য় বন্ধু : “যে সমস্ত লোক যীশুকে প্রত্যাখান করে তাদের কি হবে?”

প্রচারক : “যাদের নাম জীবন পুস্তকে লেখা থাকেনা তারা অগ্নির হ্রদে প্রবেশ করবে।”

৩য় বন্ধু : “আমি চাই, যীশু যেন আমার নাম তাঁর জীবন পুস্তকে লেখেন।”

বিবৃতিকার : প্রকাশিত বাক্য ২১:১-৪ অংশ থেকে দর্শনের দ্বিতীয় ভাগটি বলবেন। এরপর বলুন, “প্রচারক তার বন্ধুদের কি বলছেন তা শ্রবণ করুন।”

প্রচারক : স্বর্গ “নববধূর মত সুন্দরী হয়ে উঠবে।”

৪র্থ বন্ধু : “মনে হচ্ছে ঈশ্বর আমায় স্বর্গে নাও ঢুকতে দিতে পারেন। কারণ আমার জীবন প্রচুর সমস্যা ও যন্ত্রনায় জর্জরীত।”

প্রচারক : “ঈশ্বর তোমার সমস্ত দুঃখ ও যন্ত্রনাকে দূর করে দেবেন। এই জীবনের যাবতীয় মন্দ বিষয়গুলিকে তিনি পাশ্চাতে ফেলে দেবেন।”

৪র্থ বন্ধু : “যেখানে কোনও যন্ত্রনা নেই আমি সেখানে যেতে চাই।”

বিবৃতিকার : প্রকাশিত বাক্য ২১:২২ থেকে ২২:৬ পর্যন্ত অংশ থেকে ঘটনার তৃতীয় ভাগটি বলবে। এরপর বলবে, “বন্ধুরা কি বলছে তা শুনুন।”

৫ম বন্ধু : “স্বর্গে ঈশ্বরকে আরাধনা করার গৃহটি কি প্রকাণ্ড হবে?”

প্রচারক : “না, ওখানে কোনও উপসনা গৃহ থাকবে না। ঈশ্বর আমাদের সাথে বাস করবেন এবং তিনিই হবেন আমাদের উপসনা গৃহ। তাঁর জ্যোতি এত উজ্জ্বল মনে হবে যে, সূর্য বা চাঁদের আর প্রয়োজন হবে না।”

৫ম বন্ধু : “অতঃপর আমার মনে হয় ওখানে কোনও বৃক্ষ বা নদী থাকবে না।”

প্রচারক : “হ্যাঁ, সেখানে স্বর্গের মধ্যস্থলে একটি সুন্দর জীবন জলের নদী ও জীবন বৃক্ষ থাকবে।”

সব বন্ধুরা : “আমরা সেখানে যেতে ও যীশুর সাথে থাকতে চাই! যীশুর নামে যুগে যুগে প্রশংসা হোক।”

বিবৃতিকার : নাটকটিতে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জ্ঞাপন করুন।

প্রশ্ন সমূহ : ছোটরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে উপরে দত্ত প্রশ্নগুলিও জিজ্ঞাসা করতে দিন, স্বর্গে তারা এ ছাড়াও অন্যান্য কি কি বিষয়ের জন্য আশা করে তাও তাদেরকে জিজ্ঞাসা করুন।

কবিতা : প্রকাশিত বাক্য ১৯:৬, ৭ এবং ৮ পদগুলিকে তিনজন ছেলে মেয়ের প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে দিন।

ছেলে মেয়েদেরকে একটি জীবন বৃক্ষের “নমুনা আঁকতে দিন যা স্বর্গে জন্মায়। আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের তা দেখিয়ে ছেলেমেয়েদের ব্যাখ্যা করতে দিন যে, স্বর্গে, তাঁর জীবন বৃক্ষের মাধ্যমে ঈশ্বর সুস্থতা আনয়ন করবেন।



ঈশ্বরের শেষ বিচার এবং স্বর্গ সম্বন্ধে বড় ছেলে মেয়েরা কবিতা অথবা গান লিখবে।

বড় ছেলে মেয়েদেরকে প্রকাশিত বাক্য ২১ঃ৩-৪ মুখস্থ এবং ছোটদের ৪ পদ শিক্ষা করতে দিন।

প্রার্থনা : “প্রিয় যীশু, প্রেরিত যোহন কে স্বর্গ বিষয়ক দর্শন দেওয়ার জন্য তোমার ধন্যবাদ করি। ভবিষ্যতকে আমাদের ভয় পাবার প্রয়োজন নেই। যীশু পাপ এবং শয়তানের ওপর বিজয়ী হবেন। স্বর্গ হবে মনোহর। আমরা তোমার মুখ দর্শন করবো এবং তোমার সাথে চিরকাল বাস করবো।”

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net